

এখন

উধাও হ'য়ে উড়ে গেছে

পল্লীবাসীর নাম ?

আদুর কায়দা কে'ড়ে নেছে

দেশীয় ধুম-ধাম ॥

চাষার মাথে ছাতি এমন

কেউ দেখেছে কবে ?

জাল জুচুচুরি ক'রে এখন

পুলিশের গুঁতো খাবে ॥

ডাকাত এবে অতিথ হ'য়ে

দুকতে যে চায় ঘরে ।

ইঁহুর দেখে না যায় ধেয়ে

বিড়াল বেটা ডরে ॥

শিশু মরে মায়ের কোলে

লুটন না পেয়ে খেতে ।

পিক মা ডাকে অশোক-ডালে

বুলবুলিদের সাথে ॥

তা'য়ে তা'য়ে মামলা বিরোধ

পুঙ্ককে কি লেখা ?

শা'ল, ঘড়িত পন্নছে অ'বোধ

ভাঙের নাইক লেখা ॥

শ্রী নগেন্দ্রনাথ ঘোষ

প্রথম বার্ষিক শ্রেণী ।

স্বাক্ষর